গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.২১৪৮

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩১ / ২৫ সেপ্টেম্বর ২০২৪

প্রেরকঃ মুহাম্মদ ওমর ফারুক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং- ৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা ।

বিষয়ঃ চলতি ২০২৪-২৫ অর্থবছরে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালকে "৩২১১১৩১- আউটসোর্সিং" খাতে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে ''১২১০৫০৪০০০০০০- নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ", এর কোডের অধীন ''*৩২১১১৩১-আউটসোর্সিং*" খাতে নিম্নবর্ণিত ট্রাইব্যুনালের চাহিদার প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর আলোকে উল্লিখিত সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী ***শর্ত প্রতিপালন সাপেক্ষে বকেয়া অর্থ ছাড় করণের*** সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

(ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে:
(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৫ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

| ক্রঃ নং | আদালত/ ট্রাইব্যুনালের নাম | সেবার নাম ও সংখ্যা | মাসিক ন্যূনতম সেবামূল্য | সার্ভিস চার্জ | ভ্যাট কর্তন (১৫% হারে সেবাক্রয়কারী কর্তৃক প্রদেয়) | ০১ মাসে মোট প্রদেয় অর্থের পরিমাণ | প্রদেয় অর্থের পরিমাণ | সার্ভিস চার্জ হতে প্রতিমাসে আয়কর কর্তন ১০% হারে (সেবা প্রদানকারী কর্তৃক প্রদেয়) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০২, বগুড়া | জারিকারক-০১ জন | ১৬,১৩০ | ১৬১৩ | ২৬৬২ | ২০,৪০৫ | ৪০,৮১০/- (০২ মাসের বকেয়া) | ১৬২ |

স্বাঃ-/

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ)।
ইমেইল-lawjusticediv.budget@gmail.com

নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.২১৪৮

তারিখঃ ২৫/০৯/২০২৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০২, বগুড়া।
২। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব